

## স্মৃতির পাহাড়

মাহবুব খান

সহকারী হিসাব নিয়ন্ত্রক(রাজস্ব), ঢাকা বিভাগ, ঢাকা।

(মুজিব বর্ষ ও বঙ্গবন্ধুকে উৎসর্গকৃত কবিতা)

শুনা গেল তুমি আসছো কলেজে  
পুরোনো ইচ্ছে তোমাকে দেখার  
একদিন তুমি এলে তারপর।  
গোটানো হাতা শাদা শাটে  
তুমি যেন এক ঝাঁঝালো পোস্টার!  
শানিত তলোয়ার লিক লিকে দেহে  
ঈগল পাখির তীর দুচোখ  
চিকন দুফালি দ্বিতীয়ার গোফ।  
মধুমতির ঘ্রাণ জ্বালাময়ী স্বরে  
ভালো না বেসে পারবে না তাকে।

সেদিন বুঝেছি- এইতো সেই  
খুঁজে ফেরে যাকে ব্যাকুল স্বদেশ।  
দৃষ্টপায়ে মঞ্চ কাঁপায়  
সিংহ হৃদয় অসীম সাহস।  
সেই বিজেতা মহান বাবর  
মিছিলে শ্লোগানে তপ্ত নগর  
সাত মাঠে বাজালে দামামা  
তেজীঘোড়া যেন বাঁকিয়ে কেশর  
সেই তর্জনী- জুলফিকার।

ভরাট কর্তে দরিয়ার ঢেউ  
শুনালে প্রথম মুক্তির গান  
রুখবে তোমায় কে আছে এমন!  
ইতিহাসে তুমি বীর সেনানী  
নির্ভয়ে ঘুমাও পিতা  
চারদিকে বাজে তব জয়ভেরী  
রথে ওড়ে তোমার সোনালি পতাকা  
মহীয়ান তুমি  
হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি।